

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভারুয়াল সভায় মিলিত হওয়ার সম্মান লাভ করলেন গাম্বিয়া জামা'তের জাতীয় মজলিসে আমেলা



বহুবিধ প্রশাসনিক ও ধর্মীয় বিভিন্ন বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করলেন হুয়ুর আকদাস

১৪ ফেব্রুয়ারি ২০২১, আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর সাথে এই প্রথমবারের মতো এক ভারুয়াল (অনলাইন) আনুষ্ঠানিক সভায় মিলিত হওয়ার এবং সাক্ষাতের সুযোগ লাভ করলেন আহমদীয়া মুসলিম জামা'ত গাম্বিয়ার ন্যাশনাল মজলিস-এ-আমেলার (জাতীয় কার্যনির্বাহী পরিষদের) সদস্যগণ।

হুয়ুর আকদাস যুক্তরাজ্যের টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে সভার সভাপতিত্ব করেন, আর আমেলা সদস্যগণ ভারুয়ালি এই সভায় যোগদান করেন গাম্বিয়ার বাইতুস সালাম মসজিদ থেকে।


প্রায় ৭০ মিনিটের এই সভায় উপস্থিত সকলেই হুয়ুর আকদাসের সাথে কথোপকথনের এবং বিভিন্ন বিষয়ে হুয়ুর আকদাসের পরামর্শ ও দিক-নির্দেশনা লাভের সুযোগ পান।

সভাতে, হুয়ুর আকদাস বলেন যে, আহমদী মুসলিম শিক্ষার্থীদের সরকারি এবং সিভিল সার্ভিসে যোগদানে উৎসাহিত করা উচিত। এইভাবেই, আহমদী মুসলমানগণ তাদের জাতির জনগণকে সততার সাথে দেশের সেবা করার এবং সমাজের সকল ক্ষেত্রে ন্যায়বিচার ও সমতার প্রয়োজনীয়তা বজায় রাখার জন্য অগ্রণী ভূমিকা পালন করবে।

গাম্বিয়ায় বসবাসকারী আহমদী মুসলিমদের ধর্মীয় প্রশিক্ষণ সম্পর্কে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:



আমেলা সদস্যদের অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপনের মাধ্যমে নেতৃত্ব প্রদানের প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন হুযূর আকদাস। ওয়াকফে আরযীর জন্য তাদের সময়ের কুরবানি করতে হবে— দু'সপ্তাহের জন্য সময় উৎসর্গ করে পবিত্র কুরআন শিক্ষায় সহায়তা দান কিংবা ব্যাপক জনগোষ্ঠীর নিকটে ইসলামের শিক্ষার প্রচার করতে হবে। হুযূর আকদাস বলেন, আমেলা সদস্যগণের উচিত তাদের নিজেদের স্থানীয় এলাকার বাইরে গিয়ে এবং নিজ শহরের বাইরে গিয়ে ওয়াকফে আরযীতে সময় ব্যয় করা।



হুযূর আকদাস এ ছাড়াও নির্দেশ দিয়েছেন যে, আহমদীয়া মুসলিম জামা'তের নিজস্ব খামার উন্নয়নের চেষ্টা করা উচিত।

হুযূর আকদাস গাম্বিয়ায় আহমদীয়া মুসলিম জামা'ত দ্বারা পরিচালিত বিভিন্ন বিদ্যালয় সম্পর্কে জানতে চান, যেগুলোতে জাতি, ধর্ম বা বর্ণ নির্বিশেষে সকল শিশুকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রদান করা হচ্ছে।

সভার শেষের দিকে একটি ভিডিও প্রেজেন্টেশন উপস্থাপন করা হয় যেখানে গাম্বিয়ায় আহমদীয়া মুসলিম জামা'তের বিভিন্ন স্থাপনা দেখানো হয়। এগুলোর মধ্যে রয়েছে আহমদীয়া মুসলিম সেন্টেনারি প্রিন্টিং প্রেস, বাইতুস সালাম প্রেমিসেস, যা গাম্বিয়ায় আহমদীয়া মুসলিম জামা'তের সদর দপ্তর হিসেবে ব্যবহৃত হয়, এমটিএ স্টুডিওস এবং লাইট এফএম রেডিও স্টেশন।